Binani

BRAJ BINANI GROUP

**Date: 13th February, 2025**

The Secretary
**The Calcutta Stock Exchange Limited**,
7, Lyons Range,
Kolkata- 700001

The Corporate Relationship Department
**BSE Limited**,
25th Floor, Phiroze Jeejeebhoy Towers,
Dalal Street, Mumbai- 400001.
Scrip Code: 500059

Asst. Vice President
**National Stock Exchange of India Limited**
Exchange Plaza, 5th Floor,
Plot No. C/1, G Block,
Bandra Kurla Complex,
Bandra (East),
Mumbai- 400051
NSE Symbol: BINANIIND

**Sub: Newspaper advertisement of Un- Audited (Standalone and Consolidated) Financial Results for the Third Quarter Ended 31st December, 2024 pursuant to Regulation 30 read with Regulation 47 of Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.**

Dear Sir/Madam,

This is to inform you that at the meeting of the Board of Directors of the Company held on Tuesday, 11th February, 2025 the Board of Directors of the Company considered and approved the Un-Audited (Standalone and Consolidated) Financial Results for the Third Quarter and Nine Months Ended 31st December, 2024.

Pursuant to Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (Listing Regulations), the Company has also published an advertisement in the "Financial Express" (English Language) and "Aaj Kaal" (Bengali Language). The copies of e-paper advertisements are enclosed herewith.

This information is disseminated as per the applicable Listing Regulations. Kindly take the same on record.
Thanking You,

Yours Faithfully,

**For Binani Industries Limited**

**Santwana Todi**
**Company Secretary Cum Compliance Officer**

**Binani Industries Limited**
**CIN:** L24117WB1962PLCO25584
**Corporate Office: Mercantile Chambers, 12, J. N. Heredia Marg, Ballard, Estate, Mumbai 400 001, India.**
Tel: +91 22 4126 3000 1 01 I **Fax: +91 22 2264 0044 I Email: mumbai@binani.net I www.binaniindustries.com**

# সাইবার প্রতারণা সচেতনতার অনুষ্ঠান নিয়ে সতর্কবার্তা আকাশবাণীর

আজকালের প্রতিবেদন

কোনও ব্যাঙ্ক কর্তৃপক্ষ কখনও কেওয়াইসি আপডেটের জন্য গ্রাহকদের ফোন বা মেসেজ করে না। ওই ধরনের ফোন বা মেসেজ এলে বুঝতে হবে, সেটি প্রতারকের ফাঁদ। বুধবার আকাশবাণী কলকাতার উদ্যোগে জোড়াসাঁকোয় রথীন্দ্র মঞ্চে সাইবার হুমকি ও ডিজিটাল নিরাপত্তা নিয়ে আয়োজিত 'সেফ সাইবার' অনুষ্ঠানে এ কথা বললেন এসবিআইয়ের ডেপুটি জেনারেল ম্যানেজার (ফাইনান্স ও অপারেশনস) বিপিন কুমার সাহু। তিনি বলেন, 'প্রতিটি ব্যাঙ্কের নিজস্ব অ্যাপ রয়েছে। ব্যাঙ্কের অফিসিয়াল ওয়েবসাইট অথবা সেই অ্যাপ থেকে গ্রাহকরা অনলাইনে ঘরে বসেই কেওয়াইসি আপডেট করতে পারেন। সশরীরে ব্যাঙ্কে গিয়েও এই কাজ করা যায়। ক্রেডিট বা ডেবিট কার্ডের পেছনে সংশ্লিষ্ট ব্যাঙ্কের কাস্টমার কেয়ারের নম্বর দেওয়া থাকে।'



আলোচনাসভায় বক্তব্য পেশ করছেন বিপিন কুমার সাহু। রয়েছেন সাম্যজিৎ মুখার্জি, রাজর্ষি রায় চৌধুরি, বিদিত কুমার মণ্ডল ও শর্মিষ্ঠা সরকার। রথীন্দ্র মঞ্চে, বুধবার। ছবি: অরিজিৎ চ্যাটার্জি।

উপস্থিত রাজ্য পুলিশের ডেপুটি সুপার বিদিত কুমার মণ্ডল বলেন, 'কোনও লোভনীয় অফার বা বিনামূল্যে কোনও পরিষেবার কথা শুনলে গুরুত্ব দেবেন না। সাইবার প্রতারণার শিকার হলে স্থানীয় থানায়, সাইবার সেলে ও ১৯৩০ নম্বরে ফোন করে অভিযোগ জানান।' কীভাবে জালিয়াতরা কৃত্রিম বুদ্ধিমত্তাকে কাজে লাগিয়ে কণ্ঠস্বর রূপান্তরিত করে, তা সবার সামনে হাতে-কলমে তুলে ধরেন ইন্ডিয়ান স্কুল অফ এথিকাল হ্যাকিং-এর সাইবার বিভাগের কর্তা সাম্যজিৎ মুখার্জি। পাশাপাশি, সাইবার জালিয়াতি ও সাইবার আইন নিয়ে বক্তব্য পেশ করেন কলকাতা হাইকোর্টের আইনজীবী রাজর্ষি রায়চৌধুরি। আলোচনার পাশাপাশি অনুষ্ঠানে ছিল ক্যুইজ ও সাইবার জালিয়াতি নিয়ে সচেতনতামূলক কয়েকটি নাটক। আকাশবাণী কলকাতার অনুষ্ঠান বিভাগের উপ-নির্দেশক মৌসুমি চট্টোপাধ্যায় প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের সূচনা করেন। অংশ নিয়েছিল টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়, কলকাতা বিশ্ববিদ্যালয়, দ্য নেওটিয়া বিশ্ববিদ্যালয়-সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও একাধিক স্কুলের পড়ুয়ারা।

# পাহাড়ে ছিটেফোঁটা বৃষ্টির সম্ভাবনা

আজকালের প্রতিবেদন

উত্তরবঙ্গে ঠাণ্ডা। কোথাও কোথাও সামান্য ছিটেফোঁটা বৃষ্টি হতে পারে। দক্ষিণে শুষ্ক আবহাওয়া, পরিষ্কার আকাশ। ভোরে কুয়াশা দাপট দেখাবে দুই বঙ্গেই। আজ, রবিবার সামান্য বাড়তে পারে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা। সর্বোচ্চ তাপমাত্রার হেরফের হওয়ার সম্ভাবনা কম। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, এই মরশুমে শীত আর ফেরার সম্ভাবনা নেই কলকাতায়। ১৫ ফেব্রুয়ারির পর সামান্য কমতে পারে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের জেলাগুলির তাপমাত্রা। এতে রাজ্যের পশ্চিমের পুরুলিয়া, বাঁকুড়া, বর্ধমান, বীরভূম-সহ কয়েকটি জেলায় ভোরের দিকে হালকা ঠান্ডা ভাব টের পাওয়া যেতে পারে ভোরবেলায়। তবে কলকাতায় ভোরেও ঠান্ডা থাকবে না। উত্তর ২৪ পরগনায় কুয়াশা বেশি পড়বে। দক্ষিণ ২৪ পরগনা ও কলকাতাতেও ভোরে কুয়াশা থাকতে পারে। বুধবার দার্জিলিং-সহ পাহাড়ি এলাকা ছিল কুয়াশাচ্ছন্ন। আবহাওয়া দপ্তর জানিয়েছে, আজ বৃহস্পতিবার দার্জিলিং ও কালিম্পঙে বিক্ষিপ্ত ভাবে হালকা বৃষ্টি হতে পারে। দার্জিলিঙের কোথাও কোথাও তুষারপাত হতে পারে। উত্তরের বাকি জেলায় শুষ্ক আবহাওয়াই থাকবে। এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৮ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের থেকে এই তাপমাত্রা ৪ ডিগ্রি বেশি।

# তদন্তকারী অফিসারকে তলব

আজকালের প্রতিবেদন

গল্‌ফগ্রিন থানা এলাকায় শারীরিক নিগ্রহের শিকার এক যুবকের প্যারালাইজড হয়ে যাওয়ার ঘটনায় তদন্তে গাফিলতির মামলা হয়েছিল। সেই মামলায় এবার তদন্তকারী অফিসারকে তলব করল কলকাতা হাইকোর্ট। গল্‌ফগ্রিন থানা এলাকায় পোষ্য কুকুরকে বাড়ির সামনে ঘোরানোর সময় অভিনব সাহা নামে ওই যুবকের সঙ্গে স্থানীয় কিছু যুবকের কথা কাটাকাটি থেকে মারামারি হয়। যুবকের মা ঠেকাতে গেলে তিনিও শারীরিক নিগ্রহের শিকার হন। অভিনব গুরুতর জখম হন। তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়। প্রথমে আহত ওই যুবককে পরিবার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করে। পরে অবস্থা আরও সঙ্কটজনক হওয়ায় তাঁকে অন্য একটি হাসপাতালে স্থানান্তর করা হয়। দ্বিতীয় হাসপাতাল জানায়, আঘাতের কারণে অভিনবর কোমরের নীচের অংশ প্যারালাইজড হয়ে গিয়েছে। ঘটনার পর তদন্তে নেমে পুলিশ প্রথম হাসপাতাল থেকে চিকিৎসার নথি সংগ্রহ করলেও দ্বিতীয় হাসপাতালের কোনও নথি সংগ্রহ করেনি। অভিযোগ, এর ফলে অভিযুক্তদের পুলিশ গ্রেপ্তার করলেও নিম্ন আদালত থেকে তাদের জামিন হয়ে যায়। আর ওই নথি মামলায় যুক্ত না করায় অভিযুক্তদের সুবিধে পাইয়ে দেওয়ার সুযোগ রয়েছে বলে অভিযোগ করেছেন অভিনবর আইনজীবী। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের নির্দেশ, শুক্রবার কেস ডায়ারি-সহ আইওকে আদালতে হাজির হতে হবে। তাঁকে এসে জানাতে হবে গাফিলতির কারণ কী। না হলে ওই আইওর বিরুদ্ধে ডিপার্টমেন্টাল প্রসিডিংস-এর নির্দেশ দেওয়া হবে বলে সতর্ক করেছেন বিচারপতি।

# ব্যবসায়ীকে ধারালো অস্ত্রের কোপ, তদন্তে পুলিশ

**সাতসকালে বাড়িতে দুষ্কৃতীদের হামলা। তাঁকে ধারালো অস্ত্র দিয়ে কোপানো হয়। বুধবার ঘটনাটি ঘটেছে চর্মনগরী থানা এলাকায়। গুরুতর জখম অবস্থায় একটি বেসরকারি হাসপাতালে ভর্তি রয়েছেন ব্যবসায়ী। অভিযুক্তর খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ। ভাটিপোতা এলাকায় থাকেন ব্যবসায়ী মালেক মোল্লা। এদিন সকাল ৭টা নাগাদ এক ব্যক্তি ফোন করে তাঁর বাড়িতে আসে। কয়েক মিনিটের মধ্যে হঠাৎই বাড়ির ভেতর থেকে চিৎকারের শব্দ আসে। এলাকাবাসীরা পৌঁছোতেই অভিযুক্ত পালিয়ে যায়। খবর পেয়ে সেখানে যায় চর্মনগরী থানার পুলিশ। ব্যবসায়ীর মাথা ও হাতে গুরুতর আঘাত লাগে। তদন্তকারীদের অনুমান, অভিযুক্ত ব্যক্তি মালেকের পূর্বপরিচিত।**

---

केनरा बैंक Canara Bank — সিন্ডিকেট Syndicate

**দখল বিজ্ঞপ্তি**
[১৩(৪) নং ধারা)][রুল ৮(১)]
পরিশিষ্ট IV
(স্থাবর সম্পত্তির জন্য)

## গড়িয়াহাট ব্রাঞ্চ
**২২/২, গড়িয়াহাট রোড, গোলপার্ক, কলকাতা–৭০০ ০২৯**

যেহেতু:
**কানাড়া ব্যাঙ্ক**–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট ৫৪/২০০২) (এখানে পরে উক্ত অ্যাক্ট হিসাবে উল্লিখিত)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ঋণগ্রহীতা **শ্রী প্রদীপ ঘোষ**, পিতা জীতেন্দ্র নাথ ঘোষ এবং **শ্রীমতী গীতা ঘোষ,** স্বামী প্রদীপ ঘোষ–এর প্রতি **২৬.১১.২০২৪ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক ₹১৩,৪৫,২৮৪.৩০ (তেরো লক্ষ পঁয়তাল্লিশ হাজার দুশো চুরাশি টাকা এবং তিরিশ পয়সা মাত্র) আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে **১১ ফেব্রুয়ারি, ২০২৫** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নবর্ণিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন **₹১৩,৪৫,২৮৪.৩০** (তেরো লক্ষ পঁয়তাল্লিশ হাজার দুশো চুরাশি টাকা এবং তিরিশ পয়সা মাত্র) এবং তার উপর সুদ সমেত **কানাড়া ব্যাঙ্ক, গড়িয়াহাট ব্রাঞ্চের** দায় সাপেক্ষ হবে।
উক্ত অ্যাক্টের ১৩(৮) নং ধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।
**স্থাবর সম্পত্তির বিবরণ:** দোতলা বিল্ডিংয়ের দ্বিতীয় তলে (উত্তর দিকে) স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাটের সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৬৫০ (ছশো পঞ্চাশ) বর্গফুট, যাতে দুটি বেডরুম, একটি ড্রইং কাম কিচেন, একটি টয়লেট, একটি ব্যালকনি আছে, কমন এরিয়া এবং কমন সুবিধা সহ এবং জমির অবিভক্ত সমানুপাতিক অংশ এবং কমন এরিয়ার অবিভক্ত সমানুপাতিক অংশ সহ বিল্ডিংয়ের সমস্ত ফিটিংস, ফিক্সচার, অ্যাপ্লায়েন্স, ইলেকট্রিক্যাল ফিটিংস, স্যানিটারি ফিটিং সহ জমির অবিভক্ত সমানুপাতিক অংশ সহ, জমির মাপ সামান্য কমবেশি প্রায় ২ (দুই) কাঠা, ৯ (নয়) ছটাক, তার উপর কাঠামো সহ, জেলা ২৪ পরগনা, পরগনা–খাসপুর, জে এল নং ১৯, মৌজা–গড়ফা, থানা–পূর্বের টালিগঞ্জ, তারপর কসবা, বর্তমানে গড়ফা, আর এস নং ২, তৌজি নং ১৩ এবং ১০, খতিয়ান নং ৪৪৯, দাগ নং ১১০১, বর্তমানে কলকাতা পুরনিগমের অধীন, সাব রেজিস্ট্রি অফিস আলিপুর বর্তমানে এডিএসআর শিয়ালদহ, জানা এবং চিহ্নিত প্রেমিসেস নং ৯, কালীতলা মেন রোড, পোস্ট অফিস–হালতু, থানা পূর্বের কসবা বর্তমানের গড়ফা, কলকাতা–৭০০০৭৮ এবং পোস্টাল ঠিকানা: ২০/৩, কালীতলা রোড, কলকাতা–৭০০০৭৮, কলকাতা পুরনিগমের অধীন ওয়ার্ড নং ১০৬। চৌহদ্দি: উত্তরে: ৮ ফুট চওড়া কেএমসি রাস্তা, দক্ষিণে: দাগ নং ৪১৭৫ এর জমি, পূর্বে: অন্যান্যদের জমি, পশ্চিমে: অন্যান্যদের জমি।

**তারিখ: ১১.০২.২০২৫** — **অনুমোদিত আধিকারিক**
**স্থান: কলকাতা** — **কানাড়া ব্যাঙ্ক**

---

बैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda

**স্ট্রেসড অ্যাসেট রিকভারি ব্রাঞ্চ**
**কলকাতা মেট্রো রিজিয়ন, কলকাতা**
**৪, ব্র্যাবোর্ন রোড, কলকাতা–৭০০০০১**
**ই–মেল: sarkol@bankofbaroda.com**

তারিখ: ৩০.০১.২০২৫
প্রতি:
**১) সংস্থার নাম:**
**মেসার্স সুমন এন্টারপ্রাইজেস, প্রোপ্রাইটর: সুব্রত সরকার, ১২, পার্ক টেরেস, সন্তোষপুর, কলকাতা–৭০০০৭৫**
**২) প্রোপ্রাইটর:**
**মিঃ সুব্রত সরকার, ১২, পার্ক টেরেস, সন্তোষপুর, কলকাতা–৭০০০৭৫**
**মাননীয় মহাশয়,**
**বিষয়: সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৬(২) ও/বা রুল নং ৮(৬)–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি অ্যাক্ট, ২০০২)–এর ১৩(৮) নং ধারাধীনে বিজ্ঞপ্তি।**
যেহেতু, ব্যাঙ্ক অফ বরোদার অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৩–সহ পঠনীয় সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) শ্রীমতী পিয়ালি শেঠ (ঋণগ্রহীতা) এবং মিঃ বিপ্লব চন্দ্র দাস (জামিনদার)–এর প্রতি উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে ২৬.০৭.২০০৮ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য আহ্বান জানানো হয়েছিল।
এবং যেহেতু, সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ কর্পোরেট জামিনদার(গণ) উক্ত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হয়েছেন, সেই কারণে নিম্নস্বাক্ষরকারী ১৯.১২.২০০৮ তারিখে উক্ত রুলসমূহের রুল নং ৪ ও/বা রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নবর্ণিত সম্পত্তি(গুলি) [এখানে এর পরে উক্ত সম্পত্তি হিসেবে উল্লিখিত) ক্রোক করেছেন/ দখল নিয়েছেন।
এবং যেহেতু সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(৪)(এ) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নস্বাক্ষরকারী নিম্নবর্ণিত সম্পত্তিগুলি বিক্রির মাধ্যমে ব্যাঙ্কের পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের প্রস্তাব রাখছেন।
অনুগ্রহপূর্বক এই বিষয়টি খেয়াল রাখবেন যে, এখানে নীচে বিশদে বর্ণিত ও ব্যাঙ্কে বন্ধক রাখা/ গচ্ছিত সুরক্ষিত পরিসম্পদে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৩০ দিনের সময়সীমা অতিবাহিত হওয়ার পরে 'যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে' ভিত্তিতে ই–নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। ব্যাঙ্ক ই–নিলামের মাধ্যমে এই সম্পত্তি বিক্রির সিদ্ধান্ত নিলে প্রকাশ্য ই–নিলামের বিজ্ঞপ্তিটি আপনাদের প্রতি পৃথকভাবে প্রেরণ করা হবে।
আমাদের তরফে জারিকৃত উক্ত দাবি বিজ্ঞপ্তির ৮ নং শর্তের প্রতিও আমরা আপনাদের মনোযোগ আকর্ষণ করছি যেখানে বলা আছে যে, ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান মোতাবেক প্রকাশ্য নিলাম/ দরপত্র আমন্ত্রণ/ দরপ্রস্তাব গ্রহণ/ ব্যক্তিগত চুক্তির মাধ্যমে সম্পত্তি বিক্রির বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের আগে আপনারা ব্যাঙ্কের তরফে কৃত যাবতীয় খরচাপাতি, মাশুল, চার্জ ইত্যাদি–সহ পুরো বকেয়া অর্থাঙ্ক ব্যাঙ্কে আদায় দিয়ে সুরক্ষিত পরিসম্পদটি ছাড়িয়ে নিতে পারবেন। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, ওপরে উল্লিখিত বিজ্ঞপ্তিটি প্রকাশের পরে, সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোয় আপনাদের অধিকার আর উপলব্ধ থাকবে না।
অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, ওপরে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ কর্পোরেট জামিনদার(গণ)–এর থেকে ৩০.০১.২০২৫ তারিখের ভিত্তিতে ব্যাঙ্কের পাওনা অর্থাঙ্ক হল ₹২৫,৪৯,৭০১.০০ + ৩০.০৬.২০০৮ থেকে সুদ ও চার্জ, যা উক্ত সম্পত্তিগুলি বিক্রির মাধ্যমে আদায় করা হবে। আপনাদের তরফে সম্পাদিত জামিন/ আর্থিক/ গ্যারান্টি চুক্তির শর্ত মেনে উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য আপনাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।

**সুরক্ষিত পরিসম্পদের বিবরণ**

| ক্রম | চৌহদ্দি সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ |
|---|---|
| ১ | 'উত্তরায়ন' নামক খাড়া ৫ তলা আবাসিক তথা বাণিজ্যিক বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে (প্রথম তল) ১৩৩০ বর্গফুট মাপের ৫টি বাণিজ্যিক ইউনিট যার অবস্থান: মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ১২এ, পার্ক টেরেস, সন্তোষপুর, পোঃঅঃ– সন্তোষপুর, থানা– সার্ভে পার্ক, কলকাতা–৭০০০৭৫, দক্ষিণ ২৪ পরগনা। |

**আপনাদের বিশ্বাসভাজন,**
**অনুমোদিত আধিকারিক/ চিফ ম্যানেজার**

---

ফর্ম নং ৩
**[রেগুলেশন ১৫(১)(এ)/১৬(৩) দ্রষ্টব্য]**
**ডেটস রিকভারি ট্রাইবুনাল, কলকাতা (ডিআরটি–৩)**
**৯ম তল, জীবন সুধা বিল্ডিং,**
**৪২সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা–৭০০০৭১**
**কেস নং ওএ/১৬/২০২১**
**দ্য ডেট রিকভারি ট্রাইবুনাল (প্রসিডিওর) রুলস, ১৯৯৩–এর রুল ৫–এর সাব–রুল (২এ) সহ পঠনীয় রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাঙ্কস অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যাক্ট, ১৯৯৩–এর ১৯ নং ধারার (৪) নং উপধারাধীনে সমন**
**এক্সহ নং ৫০২৪**
**পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক**
**বনাম**
**নিতাই মন্ডল**

প্রতি,
১) **নিতাই মন্ডল,** পিতা এনএ, ৪র্থ তল, এস ব্রিজি পশ্চিম পাড়া, পোঃ গড়িয়া, থানা পাটুলি, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ ৭০০০৮৪
ও পূর্ব জটারদেউল, পোঃ জটা যোগেন্দ্রপুর, থানা ক্যানিং, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ ৭৪৩৩৮৩।
২) **মিসেস বনশ্রী মন্ডল,** ৪র্থ তল, এস ব্রিজি পশ্চিম পাড়া, পোঃ গড়িয়া, থানা পাটুলি, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ ৭০০০৮৪।

**সমন**

যেহেতু মহামান্য প্রিসাইডিং অফিসার/রেজিস্ট্রার সমীপে **ওএ/১৬/২০২১** তালিকাভুক্ত হয়েছে **০১.১০.২০২৪**–এ।
যেহেতু এই মহামান্য ট্রাইবুনাল **₹৩৯,৩৬,৩৫১/–** বকেয়া অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য আপনার বিরুদ্ধে উক্ত অ্যাক্টের ১৯(৪) ধারাধীনে দায়ের করা আবেদন (ও এ)–এর পরিপ্রেক্ষিতে সমন/ নোটিস জারি করছে (নথিপত্রের কপি সহ আবেদনটি এই নোটিস সংলগ্ন)।
উক্ত অ্যাক্টের ১৯ নং ধারার (৪) নং উপধারা অনুযায়ী বিবাদী পক্ষগণের প্রতি নিম্নলিখিত নির্দেশ জারি করা হচ্ছে:
১) এই সমনের পরিষেবা জারির তিরিশ দিনের মধ্যে নিষ্পত্তির আর্জি কেন মঞ্জুর করা হবে না, তার কারণ দর্শাতে হবে;
২) প্রকৃত আবেদনের ক্রম নং ৩এ–এর অধীনে আবেদনকারী দ্বারা নির্ধারিত সম্পত্তিসমূহ ও পরিসম্পদসমূহ বাদে অন্য সমস্ত সম্পত্তিসমূহ ও পরিসম্পদসমূহের বিবরণ ঘোষণা করতে হবে;
৩) শুনানি হতে চলা এবং সম্পত্তিসমূহ ক্রোকের আবেদন নিষ্পত্তির জন্য প্রকৃত আবেদনের ক্রম নং ৩এ–এর অধীনে ঘোষিত জামিনযুক্ত পরিসম্পদসমূহ বা এই ধরনের পরিসম্পদসমূহ ও সম্পত্তিসমূহ নিয়ে কোনও প্রকার লেনদেন বা এগুলি বিক্রি করে দেওয়া থেকে আপনাকে বিরত থাকতে বলা হচ্ছে;
৪) এই ট্রাইবুনালের আগাম অনুমোদন ছাড়া প্রকৃত আবেদনের ক্রম নং ৩এ–এর অধীন ঘোষণা অনুযায়ী যে পরিসম্পদগুলির ওপর জামিনস্বার্থ তৈরি করা হয়েছিল এবং/বা নির্ধারিত/ঘোষিত জামিনযুক্ত পরিসম্পদসমূহ বা সম্পত্তিসমূহ আপনি বিক্রি, লিজ বা অন্য কোনও উপায়ে (স্বাভাবিক ব্যবসায়িক পদ্ধতি বাদে) হস্তান্তর করতে পারবেন না;
৫) স্বাভাবিক ব্যবসায়িক পদ্ধতিতে এই জামিনযুক্ত পরিসম্পদসমূহ বা অন্যান্য পরিসম্পদসমূহ ও সম্পত্তিসমূহ বিক্রি করে প্রাপ্ত বিক্রয়মূল্যের হিসাব দিতে এবং এই সকল পরিসম্পদগুলির ওপর জামিনস্বার্থ ধারক এই ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানগুলিতে রক্ষণাবেক্ষণকৃত নির্ধারিত অ্যাকাউন্টে এই বিক্রয়মূল্য জমা দিতে আপনি দায়বদ্ধ থাকবেন।
এর পাশাপাশি আপনাকে আরও নির্দেশ দেওয়া হচ্ছে যাতে আপনি আপনার লিখিত বিবৃতি সমেত (যার একটি কপি আবেদনকারীর কাছেও জমা দিতে হবে) রেজিস্ট্রারের সামনে **১৬.০৪.২০২৫ তারিখ বেলা ১০.৩০টার সময়** হাজির থাকবেন যার অন্যথা হলে আপনার অনুপস্থিতিতেই এই আবেদনের শুনানি এবং রায়দান করা হবে।
**আজ ১৭.১০.২০২৪ তারিখে নীচে ট্রাইবুনালের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম।**
**সমন জারির অনুমোদিত অফিসার**
**স্বাঃ– রেজিস্ট্রার ইন চার্জ, ভারত সরকার**
**কলকাতা ডেটস রিকভারি ট্রাইবুনাল ৩**

---

# বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক
(একটি সরকারি উদ্যোগ)
**প্রধান কার্যালয়, বিএমসি হাউস,** এনএইচ–৩৪, চুঁয়াপুর, পোঃঅঃ– চালতিয়া, বহরমপুর, জেলা– মুর্শিদাবাদ–৭৪২১০১

**অস্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই–নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি**
**২৮.০২.২০২৫ তারিখের ই–নিলাম বিক্রয়**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতার কাছে রেহানাবদ্ধ/ দায়বদ্ধ এবং বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক, উত্তর ২৪ পরগনা রিজিয়ন, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত গাড়ি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, এখানে নীচের টেবিলে দেওয়া তথ্য অনুসারে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর থেকে বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্কের পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য **২৮.০২.২০২৫ তারিখে 'যেখানে যেভাবে আছে', 'যা কিছু আছে', 'যেমনভাবে আছে' এবং 'রিকোর্স ছাড়া'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচে গাড়ির সংক্ষিপ্ত বিবরণ, দখলের প্রকৃতি, সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে:

| ক্রম নং | ব্রাঞ্চের নাম | ঋণগ্রহীতা/ জামিনদার–এর নাম ও ঠিকানা | বর্তমানে বকেয়া | গাড়ির সংক্ষিপ্ত বিবরণ (দখলের প্রকৃতি) | ক) সংরক্ষণ মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর ন্যূনতম মূল্য |
|---|---|---|---|---|---|
| **রিজিয়ন: উত্তর ২৪ পরগনা, ই–মেল আইডি: rmnorth24pgs@bgvb.co.in, যোগাযোগের নম্বর: ৯৪৩৪৩৩৪১৬২ এবং ৮১৫৮৮২১৮৭১** | | | | | |
| ১ | নবপল্লী | **অরবিন্দ দত্ত, পিতা–শচীন্দ্রলাল দত্ত,** নবপল্লী সার্কুলার রোড, ভদ্রবাড়ি মোড়, পোঃঅঃ– নবপল্লী, থানা– বারাসত, পিন–৭০০১২৬ (ঋণগ্রহীতা) | ₹২৭,৮৯,৩৭২.৩২ (সাতাশ লক্ষ উননব্বুই হাজার তিনশো বাহাত্তর টাকা এবং বত্রিশ পয়সা মাত্র) (১৮.০১.২০২৫ অনুযায়ী) + সুদ ধরা আছে ১৭.০১.২০২৫ অবধি | **গাড়ির নম্বর: WB 25D 7338** **মডেল: টাস্কার সুপার ২৫১৬আইএল** **নির্মাতা: অশোক লেল্যান্ড লিমিটেড (৫৭৫৯ সিসি)** **ইঞ্জিন নম্বর: BAP103615** **চ্যাসিস নম্বর: MB1CTDYC3BPAA5107** **স্বত্বাধিকারীর নাম: অরবিন্দ দত্ত (বাস্তবিক দখল)** | ক) ₹১,৫২,০০০/– খ) ₹১৫,২০০/– গ) ₹২,০০০/– |

**শর্ত ও নিয়মাবলি:**
১. সম্পত্তিগুলি **'যেখানে যেভাবে আছে', 'যা কিছু আছে', 'যেমনভাবে আছে' ও 'রিকোর্স ছাড়া'** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. এখানে উপরিলিখিত তফসিলে সুরক্ষিত পরিসম্পদের বিবরণ অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যের ভিত্তিতে প্রদত্ত হলেও এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ নন।
৩. এই বিক্রি ২৮.০২.২০২৫ তারিখে সকাল ১১টা থেকে দুপুর ১২টার মধ্যে ই–প্রোকিওরমেন্ট টেকনোলজিস লিমিটেড (যোগাযোগ: মিঃ প্রবীণ থেবর, ই–মেল: **praveen.thevar@auctiontiger.net,** মোবাইল: ৯৭২২৭৭৮৮২৮)–এর **https://sarfaesi.auctiontiger.net** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা পরিচালিত হবে।
৪. **গাড়ি পরিদর্শনের (বিডার দ্বারা) তারিখ ও সময়: ১৮.০২.২০২৫ থেকে ২০.০২.২০২৫ পর্যন্ত, দুপুর ১২টা থেকে দুপুর ৩টের মধ্যে।**
৫. **ইএমডি সমেত বিডের জন্য অনলাইন আবেদন জমার শেষ তারিখ ও সময়: ২৭.০২.২০২৫, দুপুর ৩টে ৩০ মিনিট পর্যন্ত।**
৬. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য, অনুগ্রহপূর্বক https://sarfaesi.auctiontiger.net এবং www.bgvb.in দেখুন অথবা ওপরে লেখা নম্বরে সংশ্লিষ্ট রিজিয়নে যোগাযোগ করুন।

**তারিখ: ১৩.০২.২০২৫** — **অনুমোদিত আধিকারিক, বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক**
**স্থান: বহরমপুর** — **প্রধান কার্যালয়: বহরমপুর, মুর্শিদাবাদ**

---

# গ্রাফাইট ইন্ডিয়া লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ৩১, চৌরঙ্গি রোড, কলকাতা–৭০০০১৬
ফোন: ৯১ ৩৩ ৪০০২ ৯৬০০; ফ্যাক্স: ৯১ ৩৩ ৪০০২ ৯৬৭৬
ই–মেল আইডি: gilro@graphiteindia.com; ওয়েবসাইট: www.graphiteindia.com
CIN: L10101WB1974PLC094602

## ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার
(কোটি টাকার অঙ্কে)

| ক্রম নং | বিবরণ | একক | | | পুঞ্জীভূত | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | সমাপ্ত ত্রৈমাসিক ৩১ ডিসেম্বর, ২০২৪ (অনিরীক্ষিত) | সমাপ্ত নয় মাস ৩১ ডিসেম্বর, ২০২৪ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩১ ডিসেম্বর, ২০২৩ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩১ ডিসেম্বর, ২০২৪ (অনিরীক্ষিত) | সমাপ্ত নয় মাস ৩১ ডিসেম্বর, ২০২৪ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩১ ডিসেম্বর, ২০২৩ (অনিরীক্ষিত) |
| ১. | কারবার থেকে মোট আয় | ৫৩২ | ২১৪৬ | ৭৪১ | ৫৪২ | ২২৭৫ | ৭৫৩ |
| ২. | সংশ্লিষ্ট মেয়াদে নেট মুনাফা/(ক্ষতি) [কর, অসাধারণ এবং/বা ব্যতিক্রমী দফাসমূহের আগে] | ১০ | ৪৮৮ | ৬২ | (১৪) | ৫২২ | ২৫ |
| ৩. | সংশ্লিষ্ট মেয়াদে কর–পূর্ব নেট মুনাফা/(ক্ষতি) [অসাধারণ এবং/বা ব্যতিক্রমী দফাসমূহের পরে] | ১০ | ৪৮৮ | ৬২ | (১৪) | ৫২২ | ২৫ |
| ৪. | সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী নেট মুনাফা/(ক্ষতি) [অসাধারণ এবং/বা ব্যতিক্রমী দফাসমূহের পরে] | ৩ | ৩৯০ | ৫০ | (২১) | ৪০৯ | ১৭ |
| ৫. | সংশ্লিষ্ট মেয়াদে মোট বোধগম্য আয়/(ক্ষতি) [সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী মুনাফা/(ক্ষতি) এবং কর–পরবর্তী অন্যান্য বোধগম্য আয়/(ক্ষতি) অন্তর্ভুক্ত করে] | ৩ | ৩৮৯ | ৫০ | (৩২) | ৪০৬ | ২৬ |
| ৬. | ইক্যুইটি শেয়ার মূলধন | ৩৯ | ৩৯ | ৩৯ | ৩৯ | ৩৯ | ৩৯ |
| ৭. | অন্যান্য ইকুইটি | – | – | – | – | — | — |
| ৮. | শেয়ার প্রতি আয়/(ক্ষতি) (ইপিএস) (প্রতিটি ₹২/–) | | | | | | |
| | বুনিয়াদি ইপিএস (₹) | ০.২০ | ১৯.৯৭ | ২.৫৪ | (১.০৩) | ২১.০৮ | ০.৯৯ |
| | মিশ্রিত ইপিএস (₹) | ০.২০ | ১৯.৯৭ | ২.৫৪ | (১.০৩) | ২১.০৮ | ০.৯৯ |

**দ্রষ্টব্য:**
উপরিলিখিত বিবৃতিটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ [৫ জুলাই, ২০১৬ তারিখের সার্কুলার নং: CIR/CFD/FAC/62/2016 দ্বারা সংশোধিতমতো]–এর রেগুলেশন ৩৩ মোতাবেক স্টক এক্সচেঞ্জসমূহে পেশ করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ খতিয়ানের সংক্ষিপ্তসার। এই ত্রৈমাসিক আর্থিক ফলাফলের পুরো বয়ান স্টক এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটগুলির (www.nseindia.com/ www.bseindia.com) পাশাপাশি এই কোম্পানির ওয়েবসাইটেও (www.graphiteindia.com) দেওয়া আছে।

বোর্ডের আদেশানুসারে
গ্রাফাইট ইন্ডিয়া লিমিটেড–এর পক্ষে
কে কে বাঙ্গুর
চেয়ারম্যান, ডিন– ০০০২৯৪২৭

তারিখ: ১২ ফেব্রুয়ারি, ২০২৫

---

Binani
BRAJ BINANI GROUP

# বিনানি ইন্ডাস্ট্রিজ লিমিটেড
**রেজিস্টার্ড অফিস: ৩৭/২, চিনার পার্ক, নিউ টাউন, রাজারহাট মেন রোড, পোঃঅঃ– হাতিয়াড়া, কলকাতা–৭০০১৫৭, ভারত**
**কর্পোরেট অফিস: মার্কেন্টাইল চেম্বারস, ১২, জে এন হেরেডিয়া মার্গ, ব্যালার্ড এস্টেট, মুম্বই–৪০০০০১**
**CIN No.: L24117WB1962PLC025584**

## ৩১ ডিসেম্বর, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিক ও নয় মাসের অনিরীক্ষিত স্বতন্ত্র ও পুঞ্জীভূত আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার
(শেয়ার প্রতি তথ্য বাদে লক্ষ টাকার অঙ্কে)

**স্বতন্ত্র**

| ক্রম নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২৪ অনিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৪ অনিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২৩ অনিরীক্ষিত | সমাপ্ত নয় মাস ৩১.১২.২০২৪ অনিরীক্ষিত | সমাপ্ত নয় মাস ৩১.১২.২০২৩ অনিরীক্ষিত | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৪ নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কারবার থেকে মোট আয় | ০.০১ | ০.০১ | ০ | ০.০৩ | ০.০৩ | ২৮.৩৩ |
| ২ | মোট খরচ | ৩৮.৫৪ | ৫৪.৫১ | ১৮৫.০৬ | ১৪৫.৯৬ | ৫৩৭.০০ | ৬১২.৩৯ |
| ৩ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পূর্ব নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের আগে] | –৩৮.৫৩ | –৫৪.৫০ | –১৮৫.০৬ | –১৪৫.৯৩ | –৫৩৬.৯৭ | –৫৮৪.০৬ |
| ৪ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পূর্ব নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে] | –৩৮.৫৩ | –৫৪.৫০ | –১৮৫.০৬ | ৭২৩.৬২ | –৫৩৬.৯৭ | –৫৮৪.০৬ |
| ৫ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে] | –৩৮.৫৩ | –৫৪.৫০ | –১৮৫.০৬ | ৭২৩.৬২ | –৫৩৬.৯৭ | –৫৮৪.০৬ |
| ৬ | সংশ্লিষ্ট মেয়াদে মোট বোধগম্য আয়/(ক্ষতি) [সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী মুনাফা এবং কর–পরবর্তী অন্যান্য বোধগম্য আয় অন্তর্ভুক্ত করে] | –৩৮.৫৩ | –৫৪.৫০ | –১৮৫.০৬ | ৭২৩.৬২ | –৫৩৬.৯৭ | –৫৮৪.০৬ |
| ৭ | আদায়ীকৃত ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ₹১০/–) | ৩১৩৮.৪৯ | ৩১৩৮.৪৯ | ৩১৩৮.৪৯ | ৩১৩৮.৪৯ | ৩১৩৮.৪৯ | ৩১৩৮.৪৯ |
| ৮ | রিজার্ভ (পুনর্মূল্যায়ণ রিজার্ভ বাদে) | –২১৭২০.৪৩ | –২১৬৮১.৯১ | –২২৩৯২.৭১ | –২১৭২০.৪৩ | –২২৩৯২.৭১ | –২২৪৪৪.০৫ |
| ৯ | শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ₹১০/–) (বার্ষিকীকৃত নয়) | | | | | | |
| | (ক) ব্যতিক্রমী দফাসমূহের আগে– বুনিয়াদি ও মিশ্রিত | –০.১২ | –০.১৭ | –০.৫৯ | ২.৩১ | –১.৭১ | –১.৮৬ |
| | (খ) ব্যতিক্রমী দফাসমূহের পরে– বুনিয়াদি ও মিশ্রিত | –০.১২ | –০.১৭ | –০.৫৯ | ২.৩১ | –১.৭১ | –১.৮৬ |

**পুঞ্জীভূত**

| ক্রম নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২৪ অনিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২৪ অনিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২৩ অনিরীক্ষিত | সমাপ্ত নয় মাস ৩১.১২.২০২৪ অনিরীক্ষিত | সমাপ্ত নয় মাস ৩১.১২.২০২৩ অনিরীক্ষিত | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৪ নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কারবার থেকে মোট আয় | ০.০১ | ০.০১ | ০.০০ | ০.০৩ | ০.০০ | ২৮.৩৩ |
| ২ | মোট খরচ | ৩৮.৬৫ | ৫৪.৬৪ | ৪২১.৫১ | ১৪৬.৩৪ | ৫৩৬.৫১ | ৭৪৩.১৩ |
| ৩ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পূর্ব নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের আগে] | –৩৮.৬৪ | –৫৪.৬৩ | –৪২১.৫১ | –১৪৬.৩১ | –৫৩৬.৫১ | –৭১৪.৮০ |
| ৪ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পূর্ব নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে] | –৩৮.৬৪ | –৫৪.৬৩ | –৪২১.৫১ | ৭২৩.২৪ | –৫৩৬.৫১ | –৭১৪.৮০ |
| ৫ | সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে] | –৩৮.৬৪ | –৫৪.৬৩ | –৪২১.৫১ | ৭২৩.২৪ | –৫৩৬.৫১ | –৭১৪.৮০ |
| ৬ | সংশ্লিষ্ট মেয়াদে মোট বোধগম্য আয়/(ক্ষতি) [সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী মুনাফা এবং কর–পরবর্তী অন্যান্য বোধগম্য আয় অন্তর্ভুক্ত করে] | –৩৮.৬৪ | –৫৪.৬৩ | –৪২১.৫১ | ৭২৩.২৪ | –৫৩৬.৫১ | –৭১৪.৮০ |
| ৭ | আদায়ীকৃত ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ₹১০/–) | ৩১৩৮.৪৯ | ৩১৩৮.৪৯ | ৩১৩৮.৪৯ | ৩১৩৮.৪৯ | ৩১৩৮.৪৯ | ৩১৩৮.৪৯ |
| ৮ | রিজার্ভ (পুনর্মূল্যায়ণ রিজার্ভ বাদে) | –২১,৭২০.৪৩ | –২১,৬৮১.৮৯ | –২২৩৯২.৪৩ | –২১,৭২০.৪৩ | –২২৩৯২.৪৩ | –২২৪৪৫.৬৮ |
| ৯ | শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ₹১০/–) (বার্ষিকীকৃত নয়) | | | | | | |
| | (ক) ব্যতিক্রমী দফাসমূহের আগে– বুনিয়াদি ও মিশ্রিত | –০.১২ | –০.১৭ | –১.৩৫ | ২.৩১ | –১.৭১ | –২.২৮ |
| | (খ) ব্যতিক্রমী দফাসমূহের পরে– বুনিয়াদি ও মিশ্রিত | –০.১২ | –০.১৭ | –১.৩৫ | ২.৩১ | –১.৭১ | –২.২৮ |

দ্রষ্টব্য:
১. উপরিলিখিত বিবৃতিটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর রেগুলেশন ৩৩ মোতাবেক স্টক এক্সচেঞ্জসমূহে পেশ করা ত্রৈমাসিক/বার্ষিক আর্থিক ফলাফলের বিশদ খতিয়ানের সংক্ষিপ্তসার। এই অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান কোম্পানির ওয়েবসাইট www.binaniindustries.com–সহ বিএসই (www.bseindia.com), এনএসই (www.nseindia.com) বা সিএসই (www.cse-india.com)–এর ওয়েবসাইটেও উপলব্ধ রয়েছে।
২. ৩১ ডিসেম্বর, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিক ও নয় মাসে কোম্পানির স্বতন্ত্র ও পুঞ্জীভূত অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলি ১১ ফেব্রুয়ারি, ২০২৫ আয়োজিত নিজ নিজ সভায় বোর্ডের পর্ষদের কমিটি দ্বারা পর্যালোচিত এবং পরিচালকমণ্ডলী দ্বারা অনুমোদিত হয়েছে।

পর্ষদের আদেশ অনুসারে
বিনানি ইন্ডাস্ট্রিজ লিমিটেড–এর পক্ষে
স্বাঃ–
অর্চনা মনোজ শ্রফ
ম্যানেজিং ডিরেক্টর
**DIN: 10479683**

স্থান: মুম্বই
তারিখ: ১১ ফেব্রুয়ারি, ২০২৫